

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৪৪

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৫৩. কর্ণদ্বয় মাথার অন্তর্ভুক্ত।

بَابِ الْأُذُنَانِ مِنْ الرَّأْسِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ زِيَادٍ، أَنْبَأَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ سِنَانِ بْنِ رَبِيعَةَ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، عَنْ أَمَامَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " الأُذُنَانِ مِنَ الرَّأْسِ " . وَكَانَ يَمْسَحُ الْمَأْقَيْنِ .

বাংলা

২/৪৪৪। আবূ উমামাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কর্ণদ্বয় মাথার অন্তর্ভুক্ত। তিনি তাঁর মাথা একবার মাসহ(মাসেহ) করতেন এবং নাক সংলগ্ন চোখের কোটরদ্বয়ও মাসহ(মাসেহ) করতেন।

English

It was narrated from Abu Umamah that:

The Messenger of Allah said: "The ears are part of the head." He used to wipe his head once, and he used to wipe over the inner corners of the eyes (that are close to the nose).

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ; তিরমিযী ৩৭, আবূ দাউদ ১৩৪।

তাহকীক আলবানী: চোখের কোটরদ্বয় ব্যতীত সহীহ। তাখরীজ আলবানী: মিশকাত ৪১৬, সহীহ আবূ দাউদ ১২৩, সহীহাহ ৩৬। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ বিন যিয়াদ সম্পর্কে ইবনু হিব্বান সিকাহ বললেও অন্যত্রে বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী। ইবনু মিনদাহ বলেন, তিনি দুর্বল। ২. শাহর বিন হাওশাব সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও ইয়াকুব বিন সুফইয়ান সিকাহ বলেছেন। আবু



যুরআহ আর-রাযী বলেন, কোন সমস্যা নেই। শু'বাহ ইবনুল হাজ্জাজ বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন